# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 04-02-2025 Time: 7-35 A.M.**

বিশেষ বিশেষ খবর –

১) পশ্চিমবঙ্গের ১০১-টি স্টেশনকে অমৃত স্টেশন হিসেবে গড়ে তোলা হচ্ছে বলে রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণ জানিয়েছেন।

এবছরের কেন্দ্রীয় বাজেটে রাজ্যের রেল প্রকল্পগুলি রূপায়নের জন্য ১৩ হাজার ৯৫৫ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে বলেও তিনি উল্লেখ করেন।

২) বন্যা প্রতিরোধে উত্তরবঙ্গের জেলাগুলির সঙ্গে যৌথ উদ্যোগ গ্রহণে ভূটান সরকার চুক্তিবদ্ধ হয়েছে।

পূর্ব ও পশ্চিম মেদিনীপুর এবং হাওড়ার বিস্তীর্ণ অঞ্চলে প্লাবন রোধে 'ঘাটাল মাস্টার প্ল্যান'-এর মূল পর্বের কাজ খুব শীঘ্রই শুরু হতে চলেছে।

৩) কলকাতায় আগামীকাল বিশ্ববঙ্গ বাণিজ্য সম্মেলনের প্রাক্কালে নবান্নে আজ মন্ত্রিসভার বৈঠক।

৪) রাজ্য সরকার কেশপুর গ্রামীণ হাসপাতালে শয্যার সংখ্যা ৩০ থেকে বাড়িয়ে ৫০ করেছে।

৫) রাজ্যে মুরগি মাংসের চাহিদা মেটাতে কল্যাণীতে ৭২ কোটি টাকা ব্যয়ে তৈরি করা হচ্ছে প্রক্রিয়াকরণ কেন্দ্র।

৬) উত্তরখণ্ডে জাতীয় গেমসের ষষ্ঠ দিনে বাংলা গতকাল একটি সোনা ও একটি রূপো পেয়েছে।

oooooooooooooooooooooooo

এবছর কেন্দ্রীয় বাজেটে এরাজ্যের রেল প্রকল্পগুলি রূপায়নের জন্য ১৩ হাজার ৯শো ৫৫ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে। রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণো বাজেটে রাজ্যের প্রাপ্তি নিয়ে গতকাল সাংবাদিকদের বলেন, এই পরিমাণ UPA সরকারের আমলে পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা ব্যানারজি যখন রেলমন্ত্রকের দায়িত্বে ছিলেন তার থেকে তিনগুণ বেশী।

শ্রী বৈষ্ণো আরও বলেন, পশ্চিমবঙ্গে রেলপথের সম্প্রসারন, যাত্রীস্বাচ্ছন্দ্য, স্টেশন নির্মাণ, নতুন ট্রেন চালু করা সহ নানা কাজ দ্রুতগতিতে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী প্রতিশ্রুতিবদ্ধ। রেলপ্রকল্পগুলির বাস্তবায়নের জন্য বর্তমানে এরাজ্যে ৬৮ হাজার কোটি টাকার বিনিয়োগ করা হয়েছে।

রাজ্যের ১০১-টি স্টেশনকে 'অমৃত স্টেশন' হিসেবে গড়ে তোলা হচ্ছে জানিয়ে রেল মন্ত্রী বলেন, এবারের বাজেটে ১০০-টি অমৃত ভারত ট্রেনের প্রস্তাব রাখা হয়েছে যার মধ্যে বেশ কয়েকটি পশ্চিমবঙ্গ থেকে যাতায়াত করবে। স্বল্পপাল্লার দুরত্ব অতিক্রমের জন্য ১৫'টি 'নবভারত ট্রেন' চালু করা হবে। তারও বেশ কিছু চলবে এরাজ্যে।

গত ১০ বছরে বাংলায় ১ হাজার ২৫০ কিলোমিটার রেলপথ সম্প্রসারিত হয়েছে বলেও তিনি জানান। শ্রী বৈষ্ণো আরও বলেন, পশ্চিমবঙ্গের বহু রেলপ্রকল্পের কাজ কেবলমাত্র জমি অধিগ্রহন না করার কারণে আটকে রয়েছে। এর মধ্যে রয়েছে কৃষ্ণনগর- নবদ্বীপ ঘাট, কৃষ্ণনগর-চাপড়া, নৈহাটি–রানাঘাট, নবদ্বীপ ঘাট–নবদ্বীপ ধাম, বালুরঘাট-হিলি, দীঘা–জলেশ্বর প্রভৃতি। রাজনৈতিক মতভেদ দূরে রেখে জনস্বার্থে সকলকে একযোগে কাজ করার আহ্বান জানান তিনি।

বাংলার রেলপ্রকল্পগুলির সফল রূপায়নের জন্য জমি অধিগ্রহনের ক্ষেত্রে রাজ্য সরকারের সক্রিয় সহযোগিতা প্রয়োজন বলেও উল্লেখ করেন রেল মন্ত্রী।

( বাইট- অশ্বিনী বৈষ্ণো)

তিনি বলেন, ২০২৫-২৬ অর্থবর্ষের বাজেটে যাত্রী সুরক্ষার জন্য ১ লক্ষ ১৬ হাজার কোটি টাকা বরাদ্দ করা হয়েছে। এর মধ্যে, পশ্চিমবঙ্গে ৩ হাজার ৩শো৩৭ কিলোমিটার পথে কবচ ব্যবস্থা গড়ে তোলার কাজ চলছে।

কলকাতা মেট্রো প্রসঙ্গে রেলমন্ত্রী জানান, ১৯৭২ সালে মেট্রো পরিষেবার কাজ শুরুর পর থেকে ২০১৪ সাল পর্যন্ত অর্থাৎ ৪২ বছরে মাত্র ২৮ কিলোমিটার রেলপথ তৈরী হয়েছিল। এরপর গত ১০ বছরে আরো ৩১ কিলোমিটার রেললাইনের কাজ হয়েছে। পশ্চিমবঙ্গের প্রতি প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর দায়বদ্ধতাই এর প্রমাণ। ইস্ট-ওয়েস্ট মেট্রোর ক্ষেত্রে জমি না মেলায় বরাদ্দের পরিমাণ ৯০৬ কোটি টাকাতেই সীমাবদ্ধ রাখতে হয়েছে বলে উল্লেখ করেন তিনি।

oooooooooooooooooo

UPA সরকারের রেলমন্ত্রী থাকাকালীন মমতা ব্যানার্জির কাজের সঙ্গে তুলনা টেনে অশ্বিনী বৈষ্ণো সাংবাদিক সম্মেলনে যে মন্তব্য করেছেন, তৃণমূল কংগ্রেস তার সমালোচনা করেছে। সাংবাদিকদের প্রশ্নের জবাবে তৃণমূল কংগ্রেস নেতা কুণাল ঘোষ গতকাল বলেছেন, বাংলার রেল নিয়ে রেলমন্ত্রী মানুষকে বিভ্রান্ত করার চেষ্টা করছেন। তিনি বলেন, যে টাকার অঙ্ক রেলমন্ত্রী বলছেন, বর্তমান সময়ের তুলনায় ওই সময়ে টাকার দাম অনেক কম ছিল। কুণাল ঘোষ জানান, মমতা ব্যানার্জি রেলমন্ত্রী থাকাকালীন রেলের সম্প্রসারণ, উন্নত রেল পরিষেবা, যাত্রী সুরক্ষা প্রভৃতি ক্ষেত্রে যথেষ্ট উন্নতি করেছিলেন।

( বাইট- কুণাল)

oooooooooooooooooo

বন্যা প্রতিরোধে ভারতের সীমান্তবর্তী উত্তরবঙ্গের জেলাগুলির সঙ্গে যৌথ উদ্যোগ গ্রহনে ভূটান সরকার চুক্তিবদ্ধ হয়েছে। গত সপ্তাহে জলপাইগুড়ির চালসাতে দুই দেশের মধ্যে আয়োজিত জাতীয় স্তরের এক সমন্বয় বৈঠকে এই চুক্তি স্বাক্ষরিত হয় বলে প্রশাসনিক সূত্রে জানা গিয়েছে। বর্ষার মরসুমে ভূটানে বৃষ্টিপাতের পরিমানের সব তথ্য উত্তরবঙ্গের সেচ বিভাগকে দেওয়া হবে বলে বৈঠকে সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এছাড়াও সীমান্তে বন্যপ্রানীর দেহাংশ পাচার, মাদক চোরাচালান সহ অপরাধ দমনে সংশ্লিষ্ট যাবতীয় তথ্য বিনিময়ের চুক্তিও বৈঠকে গৃহীত হয়েছে। উত্তরবঙ্গের বিভাগীয় কমিশনার সহ জলপাইগুড়ি, আলিপুরদুয়ার, কোচবিহারের জেলাশাসকরা বৈঠকে উপস্থিত ছিলেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০

পূর্ব ও পশ্চিম মেদিনীপুর এবং হাওড়ার বিস্তীর্ণ অঞ্চলে প্লাবন রোধে **'ঘাটাল মাস্টার প্ল্যান'**-এর মূল পর্বের কাজ খুব শীঘ্রই শুরু হতে চলেছে।

এমাসের মাঝামাঝি নাগাদ কাজ শুরু হবে বলে সেচ ও জলপথ দপ্তর সূত্রে জানা গেছে। বিভাগীয় মন্ত্রী মানস ভুঁইয়া জানিয়েছেন, মুখ্যমন্ত্রী কেন্দ্রকে এ নিয়ে বারবার চিঠি দেওয়া ও প্রতিনিধি পাঠানো সত্বেও কেন্দ্রীয় সরকার ২০১৫ সাল থেকে এই বাবদ কোনো টাকা দেয়নি। তাই রাজ্য সরকার নিজের টাকাতেই এই 'ঘাটাল মাস্টার প্লান' রূপায়িত করবে। এর জন্য খরচ হবে ১'হাজার ২৩৮ কোটি টাকা। ইতিমধ্যেই এবাবদ ৩৪১ কোটি টাকার'ও বেশী খরচ হয়েছে।

অন্যদিকে, উত্তরবঙ্গে গঙ্গা ভাঙন রুখতে ভাঙন প্রবণ মালদার ভূতনী, দিয়ারা, রতুয়া-এক ও দু-নম্বর ব্লক এবং সুন্দরবনকে রক্ষা করতে আরো দুটি পরিকল্পনা নিচ্ছে রাজ্য সরকার।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

কলকাতায় আগামীকাল থেকে শুরু হচ্ছে বিশ্ববঙ্গ বাণিজ্য সম্মেলন। তার প্রাক্কালে রাজ্য সরকার আজ মন্ত্রিসভার বৈঠক ডেকেছে। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির পৌরোহিত্যে বিকালে নবান্নে এই বৈঠকে সব দপ্তরের মন্ত্রীদের উপস্থিত থাকার নির্দেশ দেওয়া হয়েছে। মূলত সম্মেলন সংক্রান্ত বিষয়েই বৈঠকে আলোচনা হবে বলে জানা গিয়েছে। এরপরে মুখ্যমন্ত্রীর নিউটাউনের ইকো পার্কে, শিল্পপতি এবং বিভিন্ন বণিক সংগঠনের প্রতিনিধিদের সঙ্গে এক চা চক্রে মিলিত হওয়ার কথা রয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্য সরকার কেশপুর গ্রামীণ হাসপাতালের শয্যা সংখ্যা ৩০ থেকে বাড়িয়ে ৫০ করছে। এর জন্য ব্যয় হবে প্রায় ২৪ কোটি টাকা।

রাজ্যের স্বাস্থ্যমন্ত্রী তথা মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী নিজে চিঠি লিখে ঘাটালের তৃণমূল কংগ্রেস সাংসদ দীপক অধিকারীকে একথা জানিয়েছেন। মানুষকে আরো উন্নতমানের স্বাস্থ্য পরিষেবা পৌঁছে দিতেই এই উদ্যোগ বলে তিনি চিঠিতে জানিয়েছেন। সরকারের এই সদর্থক ভূমিকার কথা সাংসদকে নিজের এলাকার মানুষের মধ্যে যথাযথ প্রচারেরও তিনি নির্দেশ দেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

আর জি কর হাসপাতালে নিহত তরুণী চিকিৎসকের পরিবারের তরফে নতুন মামলা দায়ের করা হয়েছে সুপ্রিম কোর্টে। নির্যাতিতার পরিবার জানিয়েছে, তারা কলকাতা হাইকোর্টে মামলা ফেরানোর জন্য শীর্ষ আদালতে আর্জি জানিয়েছেন । শীর্ষ আদালতে এর আগে ওই মামলায় সিবিআই তদন্ত নিয়ে প্রশ্ন তুলে তারা সর্বোচ্চ আদালতে গেলেও প্রধান বিচারপতি সঞ্জীব খান্নার বেঞ্চ তা শুনতে রাজি হয়নি। বরং পরিবারের আইনজীবীকে নতুন করে মামলা দায়ের করতে বলে।

নিহত তরুণী চিকিৎসকের বাবার বক্তব্য, "হাইকোর্টের নজরদারিতে তদন্ত চললে, নির্দিষ্ট সময় অন্তর শুনানিতে আদালতে তারাও থাকতে পারবেন। কোনও

অসঙ্গতি দেখলেই আইনজীবীর মাধ্যমে তৎক্ষণাৎ আদালতের দৃষ্টি আকর্ষণ করা যাবে।”

উল্লেখ্য, শিয়ালদা আদালত, এই ঘটনায় অভিযুক্ত সঞ্জয় রায়কে দোষী সাব্যস্ত করে, তার সাজা ঘোষণা করেছে।

০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যে মুরগির মাংসের চাহিদা মেটাতে অত্যাধুনিক মানের উৎপাদন ও প্রক্রিয়াকরণ কেন্দ্র তৈরি করা হচ্ছে। নেদারল্যান্ডস থেকে আনা যন্ত্রপাতিতে সুসজ্জিত প্রায় ৭২ কোটি টাকা ব্যয়ে নদিয়ার কল্যাণীতে এই প্রক্রিয়াকরণ কেন্দ্র তৈরি করা হচ্ছে।

রাজ্যের প্রাণিসম্পদ বিকাশ দফতর সূত্রে জানা গেছে, ২০২৫ সালের জুন মাসের মধ্যেই এই কারখানা তৈরি হয়ে যাবে। রাজ্যের বিভিন্ন প্রান্তে হরিণঘাটা বিপণি থেকে উন্নত গুণমানের এই মাংস বিক্রি করা হবে।

উল্লেখ্য, বর্তমানে রাজ্য সরকারের হাতে দু'টি মুরগির মাংস প্রক্রিয়াকরণের কেন্দ্র রয়েছে। প্রতিটিতে রোজ গড়ে ১৫ হাজার মুরগির মাংস প্রক্রিয়াজাত করে বিক্রির জন্য তৈরি করা হয়।

নতুন কেন্দ্র তৈরি হলে সেখানেও প্রতিদিন গড়ে ৩০ হাজার মুরগির মাংস প্রক্রিয়া করা যাবে। এর ফলে রাজ্যে মুরগির মাংসের জোগান অনেকটাই বাড়বে বলে মনে করা হচ্ছে। রাজ্যের বাইরেও প্রসেসড চিকেন পাঠানোর পরিকল্পনা নিয়েছে রাজ্য প্রাণীসম্পদ উন্নয়ন দফতর।

০০০০০০০০০০০০০০০০০০০০

বঙ্গোপসাগর থেকে আবহাওয়া মন্ডলের নিম্নস্তরে জলীয় বাষ্প প্রবেশের কারণে কলকাতা ও সংলগ্ন জেলাগুলিতে ভরা মাঘেও শীতের দেখা নেই। আজ সকাল থেকেই কুয়াশা। আকাশ'ও মেঘে ঢাকা। তবে, সর্ব নিম্ন  তাপমাত্রা কিছুটা কমেছে।

কলকাতায় আজ সকালে তাপমাত্রা রেকর্ড করা হয় ১৭ দশমিক ৪ ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের তুলনায় যা ১ দশমিক ৮ ডিগ্রি বেশি। গতকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা  ছিল ২৭ দশমিক ২' ডিগ্রি সেলসিয়াস।

আগামী ২-দিনে তাপমাত্রা কিছুটা কমবে বলে আলিপুর আবহাওয়া দফতর সূত্রে জানা গেছে । বৃহস্পতিবার থেকে তাপমাত্রা আবার কিছুটা বড়বে, তবে সপ্তাহান্তে তা আবারও কমার সম্ভাবনা বলে আবহাও দফতরের অধিকর্তা হাবিবুর রহমান বিশ্বাস জানিয়েছেন।

(বাইট)

oooooooooooooooo

উত্তর ২৪ পরগণার ছোট জাগুলিয়ার মালিয়াপুর বাজিতপুরে চাষের জমিতে মৃতদেহ উদ্ধারকে ঘিরে গতকাল চাঞ্চল্য ছড়ায়। মাঠের মাঝখানে সকালে বছর ৪০-এর ওই যুবকের গলাকাটা দেহ দেখতে পান স্থানীয় বাসিন্দারা। তাঁর হাত-পা বাঁধা ছিল।
পুলিশ কুকুর দিয়ে কাটা মুন্ডুটির খোঁজে তল্লাশি চালানো হয়। আজ সকাল থেকে আবার শুরু হবে তল্লাসী।

ঘটনাস্থল থেকে উদ্ধার হয়েছে একটি কেরোসিনের জার। তাকে পোড়ানোর চেষ্টা করা হয়েছিল বলে অনুমান। পুলিশ এই ঘটনায় একজনকে আটক করেছে। তাকে জিজ্ঞাসাবাদ করা হচ্ছে।

oooooooooooooooo

উত্তর ২৪ পরগণার মধ্যমগ্রাম থানা এলাকার একটি হোটেল থেকে এক জাল নোট পাচারকারীকে গ্রেপ্তার করেছে CID । গোপন খবরের ভিত্তিতে তল্লাশি চালিয়ে CID-র স্পেশাল অপারেশন গ্রুপ, রতন সরকার নামে ওই পাচারকারীকে গ্রেপ্তার করে। ধৃত ব্যক্তি মালদার বৈষ্ণব নগরের বাসিন্দা। তার কাছ থেকে উদ্ধার হয়েছে তিন লক্ষ ৯৭ হাজার টাকার জাল নোট।

ধৃতকে গতকাল বারাসাত আদালতে তোলা হলে সাত দিনের পুলিশ হেফাজতে পাঠানো হয়।

oooooooooooooooooo

উত্তরাখণ্ডে জাতীয় গেমসের ষষ্ঠ দিনে বাংলা গতকাল ১ টি সোনা ও ১ টি একটি রৌপ্য পদক পেয়েছে। আলমোরায় যোগাভ্যাসে পশ্চিমবঙ্গের রিতু মণ্ডল সোনা জিতেছেন।

অন্যদিকে দেরাদুনে সউব্রিতি মণ্ডল মহিলাদের ৫০ মিটার ব্যাক স্ট্রোকে রুপো জিতেছেন। Lawn Bowls এ বাংলা বালকদের অনুর্ধ ২৫, মহিলাদের সিঙ্গলস, ওমেন্স ফোর, ও মেনস ট্রিপলস বিভাগের সেমিফাইনালে উঠেছে।

ooooooooooooooooooooooo

ooooooooooooooooooooooo

ooooooooooooooooooooooo